গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯
www.btv.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মোঃ জাহাঙ্গীর আলম<br>মহাপরিচালক |
| তারিখ | : | ১৪.০৩.২০২৪ খ্রি: |
| সময় | : | বেলা ২:০০ ঘটিকা |
| স্থান | : | ঢাকা কেন্দ্রের সভাকক্ষ |
| সভায় উপস্থিত প্রতিনিধি | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, আমরা ডিজিটাল বাংলাদেশের সুবিধা উপভোগ করছি। এ লক্ষ্য অর্জনে সর্বস্তরে সুশাসন প্রতিষ্ঠায় সর্বক্ষেত্রেই স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে দাপ্তরিক কার্যক্রম সম্পাদনসহ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) অনুযায়ী দাপ্তরিক কর্মে শুদ্ধাচার প্রতিষ্ঠিত করতে হবে। তিনি আরো বলেন, সরকারি দপ্তরের প্রতিশ্রুত সেবা, সেবা প্রদান পদ্ধতি এবং সেবা ও পণ্যের মান সম্পর্কে নাগরিকের অসন্তুষ্টি বা সংক্ষুব্ধতা থেকে সাধারণত: অভিযোগের উৎপত্তি হয়। এ ক্ষোভ যুক্তিসঙ্গত বা বাস্তবানুগ হোক বা না হোক, প্রতিকার চাওয়া বা বক্তব্য প্রদানের একটি কার্যকর ক্ষেত্র বা প্ল্যাটফর্ম থাকলে তাঁদের অসন্তোষ বা ক্ষোভ প্রশমনের সুযোগ হয়। নাগরিকগণের মতামত গ্রহণ এবং অভিযোগসমূহ স্বচ্ছতা ও নিরপেক্ষতার সঙ্গে নিষ্পত্তি এবং সংরক্ষণের কার্যকর পদ্ধতি অনুসরণের জন্য বর্তমানে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ (পরিমার্জিত-২০১৮) প্রণীত হয়েছে। প্রণীত নির্দেশিকায় স্বচ্ছতা ও জবাবদিহির সঙ্গে সেবা প্রদানে সরকারি কর্মকর্তাগণকে অনুপ্রাণীত করার মাধ্যমে জনবান্ধব প্রশাসন গড়ার লক্ষ্যে বিভিন্ন দিক নির্দেশনা রয়েছে। সেবা প্রদানে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য সরকার তথ্য অধিকার আইন ২০০৯ প্রণয়ন করেন। এই আইনের আওতায় সেবা গ্রহণকারী নাগরিক আইনে নির্ধারিত তথ্যের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বরাবর আবেদন করতে পারেন। তথ্যটি আইন অনুযায়ী প্রদানযোগ্য হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান করবেন অথবা অপারগতা জানাতে বাধ্য থাকবেন। অতপর: সভাপতি সভায় উপস্থিত সকলকে উন্মুক্ত আলোচনায় অংশ নেয়ার অনুরোধ জানান।

০২। অত:পর বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) বিটিভির সিটিজিন চার্টারে বর্ণিত সেবাসমূহ সেবা গ্রহীতাগণকে যথাযথভাবে প্রদান করার জন্য নির্দেশনা প্রদান করা হয়; এবং

খ) তথ্য অধিকারের আওতায় প্রাপ্ত সেবা নির্ধারিত সময়ের মধ্যে প্রদানের জন্য তথ্য প্রদানকারী কর্মকর্তা সদাসচেষ্ট থাকবেন।

০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা:/-
ড. মোঃ জাহাঙ্গীর আলম
মহাপরিচালক
ফোন: ৫৫১৩২২২২ (অফিস)
E-mail: dg@btv.gov.bd

নং-১৫.৫৪.০০০০.০২১.০৫.০০১.২৩ . ৫৫৫১ / ১(১৬)

তারিখ: ১৪ চৈত্র ১৪৩০ / ২৮ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

০১। উপমহাপরিচালক (প্রশাসন ও অর্থ/অনুষ্ঠান/বার্তা), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৩। পরিচালক..................................(সকল), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৪। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র।
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা **(কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
০৬। সহকারী পরিচালক (প্রশাসন-১/২/৪), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৭। কার্যালয় নথি।

২৮.০৩.২০২৪
(মো: নাজিম উদ্দিন)
সহকারী পরিচালক (প্রশাসন)